



নিয়োগ বিজ্ঞপ্তি

পিপলস ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি) একটি জাতীয় পর্যায়ে স্বনামধন্য বেসরকারি উন্নয়ন সংস্থা। সংস্থার সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নমূলক সামাজিক ব্যবসায়িক উদ্যোগের আওতায় কিশোরগঞ্জের ভৈরবে অবস্থিত “সলোরা” ফুটওয়্যার-এর ডিজাইন ও প্রোডাকশন বিভাগের জন্য অভিজ্ঞ এবং সৃজনশীল ‘ফুটওয়্যার ডিজাইনার/ডিজাইনম্যান’ পদে জনবল নিয়োগের লক্ষ্যে যোগ্য ও আগ্রহী প্রার্থীদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

পদের বিবরণ:

- **পদের নাম:** ফুটওয়্যার ডিজাইনার / ডিজাইনম্যান
- **প্রতিষ্ঠানের নাম:** “সলোরা” ফুটওয়্যার (পিপি)র একটি সামাজিক ব্যবসায়িক উদ্যোগ)
- **বিভাগ:** ডিজাইন ও প্রোডাকশন
- **কর্মস্থল:** সলোরা ফুটওয়্যার ফ্যাক্টরি, ভৈরব, কিশোরগঞ্জ।

প্রধান দায়িত্বসমূহ:

- দেশের ফুটওয়্যার বাজারের চাহিদা, ফ্যাশন এবং ক্রেতার পছন্দ অনুযায়ী “সলোরা” ব্র্যান্ডের নতুন জুতা ও স্যান্ডলের মডেল, কালার ও স্টাইল তৈরি করা।
- ডিজাইন অনুযায়ী উপযুক্ত উপকরণ (Material), সঠিক রং, Sole, Upper ও অন্যান্য Accessories নির্বাচন করা।
- নতুন ডিজাইনের স্যাম্পল/প্রোটোটাইপ (Sample/Prototype) তৈরি ও স্যাম্পল উন্নয়নে প্রোডাকশন টিমকে সরাসরি টেকনিক্যাল সহযোগিতা প্রদান করা।
- প্রস্তুতকৃত স্যাম্পল পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজন অনুযায়ী ডিজাইনে পরিবর্তন, ফিটিং সংশোধন ও গুণগত মান নিশ্চিত করা।
- বাণিজ্যিক উৎপাদনের জন্য চূড়ান্ত ডিজাইন এবং প্রয়োজনীয় টেকনিক্যাল স্পেসিফিকেশন ও কস্টিং ডেটা প্রস্তুত করা।
- ফ্যাক্টরি পর্যায়ে ডিজাইন ও প্যাটার্ন অনুযায়ী সঠিকভাবে পণ্য তৈরি হচ্ছে কি না তা নিবিড়ভাবে পর্যবেক্ষণ করা।
- নতুন ডিজাইন তৈরির ক্ষেত্রে স্থানীয় বাজার, প্রতিযোগী পণ্য, কাঁচামালের সহজলভ্যতা ও উৎপাদন খরচ (Costing) বিবেচনায় রাখা।
- ফুটওয়্যার খাতের সাম্প্রতিক ট্রেন্ড ও ফ্যাশন সম্পর্কে সচেতন থাকা এবং নতুন স্যাম্পল তৈরির বিষয়ে ম্যানেজমেন্টকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা।
- “সলোরা” ফুটওয়্যার-এর সকল ডিজাইন, প্যাটার্ন ও স্যাম্পলের রেকর্ড সঠিকভাবে সংরক্ষণ করা।
- ম্যানেজমেন্ট, প্রোডাকশন ও মার্চেন্টাইজিং টিমের সাথে সমন্বয় রেখে কাজ সম্পাদন করা।

প্রয়োজনীয় যোগ্যতা ও দক্ষতা:

- **শিক্ষাগত যোগ্যতা:** ন্যূনতম SSC বা HSC পাস। তবে দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।
- **অভিজ্ঞতা:** ফুটওয়্যার ডিজাইন ও প্যাটার্ন মেকিং কাজে **কমপক্ষে ৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা** থাকতে হবে।
- **কারিগরি জ্ঞান:** ফুটওয়্যার উৎপাদন, প্যাটার্ন মেকিং, লাস্টিং (Lasting) ও স্যাম্পল ডেভেলপমেন্ট সম্পর্কে গভীর টেকনিক্যাল জ্ঞানধারীদের অগ্রাধিকার দেওয়া হবে।
- **উপকরণ সম্পর্কিত ধারণা:** বিভিন্ন প্রকার Upper, Sole, Material ও Accessories সম্পর্কে স্পষ্ট বাস্তব ধারণা থাকতে হবে।
- **অন্যান্য দক্ষতা:** চমৎকার সৃজনশীলতা, কালার সেন্স, বাজার ট্রেন্ড অনুধাবনের ক্ষমতা এবং টিমে কাজ করার মানসিকতা।

বেতন ও সুযোগ-সুবিধা:

- **বেতন:** আলোচনা সাপেক্ষে (আবেদনকারীর যোগ্যতা ও অভিজ্ঞতার ওপর ভিত্তি করে আকর্ষণীয় বেতন নির্ধারণ করা হবে)।
- **অন্যান্য সুবিধা:** সংস্থার নিয়ম অনুযায়ী অন্যান্য সুবিধাদি প্রদান করা হবে।

আবেদন প্রক্রিয়া:

আগ্রহী ও যোগ্য প্রার্থীদের হালনাগাদ জীবনবৃত্তান্ত (CV), আবেদনপত্র (Cover Letter), সকল একাডেমিক ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি, জাতীয় পরিচয়পত্র এবং সাম্প্রতিক তোলা ২ কপি পাসপোর্ট সাইজের ছবিসহ আগামী ১০ অক্টোবর ২০২৬ইং তারিখের মধ্যে আবেদন করতে অনুরোধ করা যাচ্ছে।

ইমেইলের মাধ্যমে

- আবেদন: hr@popibd.org (ইমেইলের Subject-এ "Application for Footwear Designer - Solora Footwear" উল্লেখ করতে হবে)।
- ডাক/কুরিয়ার বা সরাসরি আবেদনের ঠিকানা:

মানবসম্পদ বিভাগ

পিপলস ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি)

হাউজ # ৫/১১-এ, ব্লক # ই, লালমাটিয়া, ঢাকা-১২০৭।

ওয়েবসাইট: www.popibd.org

(বি: দ্র: শুধুমাত্র বাছাইকৃত সংক্ষিপ্ত তালিকার প্রার্থীদেরই সাক্ষাৎকারের জন্য যোগাযোগ করা হবে। 'পিপি' এবং 'সলোরা ফুটওয়্যার' কর্মক্ষেত্রে নারী ও পুরুষ প্রার্থীর সমান সুযোগ প্রদানে প্রতিশ্রুতিবদ্ধ।)